# ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ পেশাব-পায়খানার আদব

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

৮। পেশাব-পায়খানার কাজে বাম হাত ব্যবহার করুন

লেনদেন ও পানাহার করা এবং পবিত্র ও রুচিকর জিনিস ধারণ করার জন্য ডান হাত, আর পবিত্রতা অর্জন করা এবং অপবিত্র ও ঘৃণিত জিনিস ধারণ করার জন্য বাম হাত ব্যবহারই মানুষের প্রকৃতি ও রুচিসম্মত কাজ।

রাসুল (ﷺ) বলেন, ‘‘তোমাদের কেউ যখন পেশাব করবে, তখন সে যেন নিজ লিঙ্গ ডান হাত দ্বারা না ধরে এবং ডান হাত দ্বারা ইস্তিনজা (পেশাব-পায়খানা পরিষ্কার) না করে ---।’’ ‘‘পেশাব করার সময় তোমাদের কেউ যেন নিজ লিঙ্গ ডান হাত দ্বারা অবশ্যই না ধরে এবং ডান হাত দ্বারা যেন পায়খানা পরিষ্কার না করে---।’’[1]

## ফুটনোট

[1]. বুখারী তাওহীদ পাবঃ হা/ ১৫৩, মুসলিম আল-মাকতাবাতুশ-শামেলা হা/২৬৭ সুনান আরবাআহ প্রমুখ

Source — https://www.hadithbd.com/books/link/?id=6992

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন